

একদিন হয়তো অপসৃত হয়ে যাবে;
কিন্তু আমার হৃদয়ে
তোমার যে অনন্য ছবি একে গেছ
পৃথিবীর কোন রৌদ্র-জলে
তা মুছে যাবে না জানি।”

(প্রিন্সেস ডায়না স্মরণে, পৃষ্ঠাঃ১১)

কবি মাকে নিয়ে লিখেছেনঃ-

“মায়ের কথা মনে হলেই
আমার ছায়া শীতল
শাখা প্রশাখা বিস্তৃত
একটি ছায়া বৃক্ষের কথা মনে পড়ে,
“মায়ের কথা মনে হলেই
আমার মায়াবী জোছনার কথা মনে পড়ে,

চৈত্রের গরম-লাগা ভর দুপুরে
একটি শান্ত শীতল সরোবরের কথা মনে পড়ে।”

(“মায়ের কথা মনে হলেই, পৃষ্ঠাঃ১৫)

অনেক ক্ষেত্রে চিত্রকল্পই কবিতা হয়ে উঠে। কবির এমন একটি চিত্রকল্প ঃ--

“যেদিক পানে তাকাই
তোমার স্মৃতির আভাস পাই—
আলনায় হ্যাঙ্গারে ঝুলানো শার্টটা,
শোকসের উপরে রাখা ভাঙা চশমাটা,
সাইড টেবিলে রাখা
পুরনো মরচে পড়া হাতঘড়িটা,
টিপয়ের উপরে
আধপড়া কবিতার অচেতন গ্রন্থটা,
সব কিছুতেই তোমার স্মৃতি কথা বলে
নিঃশব্দ মুখরতায়।
আজও বাতাসে যেন
তোমার ঘর্মাক্ত শরীরের গন্ধ উষ্ণ সুবাস ছড়ায়
অথচ তুমি চলে গেছ কতদিন আজ।”

(তুমি কাছে ছিলে এতদিন, পৃষ্ঠাঃ২১)

পরক্ষণেই কবি অভিমান করে বলেছেনঃ-

“তুমি না আসলে
আমার জীবনে কোনদিই বসন্ত আসবে না
একটি বর্ষা ঋতু নিয়ে কেটে যাবে
আমার সমস্ত জীবন।”

(আজ নব বসন্তে, পৃষ্ঠাঃ৩৪)